

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সমাবর্তন স্থল পরিদর্শন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে আগামী ১১ জানুয়ারি, ২০২০ শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনের অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্রায় ১৯ হাজার গ্র্যাজুয়েট শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে সমাবর্তনটি অনুষ্ঠিত হবে।

এ উপলক্ষে ৭ জানুয়ারি-২০২০ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান সমাবর্তন স্থল (জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ, ধূপখোলা মাঠ) পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার, প্রক্টর, বিভিন্ন কমিটির আহবায়ক ও

সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য সমাবর্তন স্থল সুন্দরভাবে ও নান্দনিকভাবে প্রস্তুত করার ব্যাপারে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।